

103435 - নামাযের মধ্যে হাঁচি দিয়ে আলহামদু লিল্লাহ বলার হুকুম

প্রশ্ন

কেউ যদি নামাযের মধ্যে হাঁচি দেয় সে কি 'আলহামদু লিল্লাহ' বলবে; হোক না সে নামায ফরজ কিংবা নফল?

প্রিয় উত্তর

হ্যাঁ, তার জন্য আলহামদু লিল্লাহ বলা শরিয়তসম্মত। যেহেতু সহিহ হাদিসে সাব্যস্ত হয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযের মধ্যে কোন একজনকে হাঁচি দিয়ে আলহামদু লিল্লাহ বলতে শুনেছেন; কিন্তু তিনি তাকে বাধা দেননি। বরং তিনি বলেছেন: নিশ্চয় আমি এত এত ফেরেশতাকে দেখেছি; প্রত্যেকে কাঁপিয়ে পড়েছে- কে আগে লিখবে? আর যেহেতু আলহামদু লিল্লাহ পড়াটা নামাযের যিকিরগুলোর মধ্যে রয়েছে; নামাযের সাথে সাংঘর্ষিক নয়।